# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

স্মারক ৫৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-২৯৯ তারিখ: ১৩/০২/২০২৫ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দাখিল পরীক্ষা-২০২৬ এর রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অনলাইনে বিভাগ/বিষয়/ছবি সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের দাখিল পরীক্ষা-২০২৬ এর শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম বিভিন্ন ধাপে সম্পন্ন করা হয়েছে। রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের বিভাগ/বিষয়/ছবি সংশোধন প্রয়োজন সে সকল শিক্ষার্থী ও অভিভাবক এবং মাদ্রাসা প্রধানের আবেদনের প্রেক্ষিতে তার অনলাইনে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে আগামী ১৮/০২/২০২৫ খ্রি. তারিখ থেকে ১৭/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সংশোধনের আবেদন করা যাবে:

### নিয়মাবলি

১. শিক্ষার্থীকে বিভাগ/বিষয়/ছবি সংশোধনের জন্য সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধান বরাবর সাদা কাগজে আবেদন লিখে জমা দিতে হবে। ভবিষ্যৎ প্রয়োজনে মাদ্রাসা প্রধান শিক্ষার্থীর আবেদন সংরক্ষণ করবেন;

২. মাদ্রাসা প্রধান কে শিক্ষার্থীর আবেদনের তথ্যাদি নিবন্ধিত বিভাগ/বিষয়/ছবি যাচাই করে যে কোন ব্রাউজার হতে eSIF ওয়েবসাইটি লিংক www.ebmeb.gov.bd তে প্রবেশ করে প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করতে হবে। অত:পর **Edit** অপশনে ক্লিক করে বিভাগ/বিষয়/ছবি সংশোধনের আবেদন সাবমিট করতে হবে। আবেদন সাবমিটের পর **পেমেন্ট** অপশনে ক্লিক করে **সোনালী পেমেন্ট গেটওয়ের** মাধ্যমে নির্ধারিত বোর্ড ফি প্রদান সম্পন্ন করতে হবে;

৩. শিক্ষার্থীর বিভাগ/বিষয়/ছবি সংশোধনের আবেদন সাবমিটের পর ফি পরিশোধ না করা পর্যন্ত সংশোধন কার্যকর হবে না। বোর্ড ফি পরিশোধের ৭২ ঘণ্টার মধ্যে eSIF এ স্বয়ংক্রিয়ভাবে তথ্য সংশোধন হয়ে যাবে;

৪. সংশোধনে নতুন কোন শিক্ষার্থীকে Entry বা রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীকে Delete করার সুযোগ থাকবে না।;

৫. বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উক্ত বিভাগ খোলার অনুমতি আছে কিনা তা নিশ্চিত হয়ে সংশোধনের জন্য আবেদন করতে হবে।

৬. উল্লেখিত কার্যক্রম সম্পাদনের নিমিত্ত সকল প্রতিষ্ঠানের লক খুলে দেয়া হবে বিধায় বর্ণিত সময়ের মধ্যে সবাইকে ফাইনাল সাবমিট দিবে; তাতে **ফাইনাল স্টুডেন্ট** লিস্ট পাওয়া যাবে। অন্যথায় মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে তথ্য লক হবে এবং **টেম্পোরারী স্টুডেন্ট** লিষ্ট প্রিন্ট পাওয়া যাবে;

৭. বিভাগ/বিষয়/ছবি সংশোধন সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য প্রদানে পরবর্তীতে কোন জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সশ্লিষ্ট মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে।

*বিঃ দ্রঃ শুধুমাত্র সংশোধন ফি প্রদান ও আবেদন সাবমিট সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য অফিস সময়ের মধ্যে প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩-০৬৮৯০৯ যোগাযোগ করতে হবে।*

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
১৩/০২/২৫
(মো: আবদুছ ছাত্তার মিয়া)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন: ০২-৯৬১২৮৫৮

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
অত্র বোর্ডের আওতাধীন আলিম পর্যায়ের মাদ্রাসা।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ:**

১. পরামর্শক, কম্পিউটার কেন্দ্র (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
২. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৪. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৫. অফিস কপি।

(মো: জিয়াউর রহমান)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন: ০২-২২৩৩৬৫৪০৩

32_Office Order-13